দৈনিক
জনকণ্ঠ

তারিখ 11 JAN 2013
পৃষ্ঠা 1 কলাম

# হরতালের দিন ও-লেভেল এ-লেভেল পরীক্ষা ॥ পরীক্ষার্থীরা দুশ্চিন্তায়

**জনকণ্ঠ রিপোর্ট** ॥ আসন্ন হরতাল কেন্দ্র করে দেশের ইংরেজী মাধ্যমের দশ সহস্রাধিক ছাত্রছাত্রী এখন বিপাকে। হরতালের দিনেই রয়েছে তাদের ও-লেভেল এবং এ-লেভেল পরীক্ষা। কোন কারণে সেদিন পরীক্ষা দিতে না পারলে নষ্ট হয়ে যাবে তাদের পুরো একটি সেশন।

ও-লেভেল এবং এ-লেভেলের বর্তমান সেশনের চূড়ান্ত এই পরীক্ষাটি শুরু হয়েছে গত ৬ জানুয়ারি, আর শেষ হওয়ার কথা ২৪ জানুয়ারি। এর মধ্যে আগামী ১৬ জানুয়ারি রয়েছে ও-লেভেলের কেমিস্ট্রি-দ্বিতীয় পার্ট এবং ও-কমার্স। আর এ-লেভেলের রয়েছে ফিজিক্স পরীক্ষা। এদিন পরীক্ষা হবে দু'দফায়- একবার সকাল সাড়ে ১১টায় শুরু হয়ে চলবে আড়াইটা পর্যন্ত, দ্বিতীয়বার হবে বিকাল সাড়ে ৪টা থেকে সাড়ে ৭টা পর্যন্ত।

এদিকে এই ১৬ জানুয়ারিতেই দেশের প্রধান বিরোধী দল আওয়ামী লীগ আহ্বান করেছে সকাল-সন্ধ্যা হরতাল। হরতাল হলে এই দুটি পরীক্ষাই বাধাগ্রস্ত হতে বাধ্য। এসব চিন্তা করে উল্লিখিত দুটি ক্লাসের পরীক্ষার্থীরা পড়েছে মহাদুশ্চিন্তায়।

উল্লেখ্য, বাংলাদেশে বর্তমানে এক ও-লেভেলেই পরীক্ষার্থী রয়েছে মোট ৮ হাজার ৯শ' ৯৯ জন। আর এ-লেভেলের পরীক্ষার্থীর সংখ্যা প্রায় দু'হাজারের মতো। লন্ডন ইউনিভার্সিটির অধীনে এ পরীক্ষাটি একই সঙ্গে বিশ্বের ১৯৪টি দেশে অনুষ্ঠিত হচ্ছে। বাংলাদেশে পরীক্ষাটি কন্ডাক্ট করছে ব্রিটিশ কাউন্সিল। বাংলাদেশে রাজধানী ঢাকার ৫টি কেন্দ্রে একই সঙ্গে অনুষ্ঠিত হচ্ছে পরীক্ষাটি। এদিকে ব্রিটিশ কাউন্সিলের একটি সূত্র জানিয়েছে, হরতালের কারণে দিনে পরীক্ষা নেয়া সম্ভব না হলে সেদিনই রাতে অনুষ্ঠিত হবে পরীক্ষাগুলো। সকাল সাড়ে ১১টার পরীক্ষাটি শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায় এবং সাড়ে ৪টার পরীক্ষাটি শুরু হবে রাত সাড়ে দশটায়। আর কোন কারণে যদি রাতেও পরীক্ষা দুটি নেয়া সম্ভব না হয় তাহলে এই সেমিস্টারে আর হবে না এই পরীক্ষা। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলেরই নষ্ট হবে পুরো ৬টি মাস। এদিকে পরীক্ষার্থীদের অনেকেই এই শীতের মধ্যে রাতে পরীক্ষা দেয়া এবং পরীক্ষা শেষে গভীর রাতে বাড়ি ফেরা নিয়েও শঙ্কা প্রকাশ করেছে।